



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে অফিস সময় পুনঃনির্ধারণ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০২ নভেম্বর ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অফিস সময় পুনঃনির্ধারণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সিদ্ধান্তের সাথে সঙ্গতি রেখে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও অফিস সময় সকাল ৯ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত করার সিদ্ধান্ত হয়েছে। ০২ নভেম্বর ২০২২ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধান ও অফিস প্রধানদের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়াও উপস্থিত ছিলেন। এছাড়াও বিভাগসমূহে চলমান একাডেমিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার স্বার্থে বিকাল ৪ টার পরের ক্লাসসমূহ শিক্ষকদের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইনে সম্পন্ন হবে। নতুন অফিসসূচির সাথে সঙ্গতি রেখে বিভাগের একাডেমিক পরীক্ষাসমূহের ১ম শিফট হবে সকাল ৯:৩০ টা থেকে বেলা ১২:৩০ টা পর্যন্ত এবং ২য় শিফট হবে দুপুর ১:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত। এই সময়সূচি আগামী ১৫ নভেম্বর ২০২২ তারিখ মঙ্গলবার থেকে কার্যকর হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

জনসংযোগ অফিস  
বরিশাল বিশ্ববিদ্যালয়